

সোয়াদ | ص | ০০d

আয়াতঃ ৩৮ : ৪৫

আরবি মূল আয়াত:

وَ اذْكُرْ عَبْدَنَا اِبْرٰهِيْمَ وَ اِسْحٰقَ وَ يَعْقُوبَ اُولٰٓئِى الْاَيْدِى وَ الْاَبْصَارِ

﴿ ২৫ ﴾

অনুবাদসমূহ:

আর স্মরণ কর আমার বান্দা ইবরাহীম, ইসহাক ও ইয়াকুবকে। তারা ছিল শক্তিমান ও সূক্ষ্মদর্শী। — আল-বায়ান

স্মরণ কর আমার বান্দাহ ইবরাহীম, ইসহাক ও ইয়াকুব-এর কথা- তারা ছিল শক্তি ও সূক্ষ্মদর্শিতার অধিকারী। — তাইসিরুল

স্মরণ কর, আমার বান্দা ইবরাহীম, ইসহাক ও ইয়াকুবের কথা, তারা ছিল শক্তিশালী ও সূক্ষ্মদর্শী। — মুজিবুর রহমান

And remember Our servants, Abraham, Isaac and Jacob - those of strength and [religious] vision. — Sahih International

৪৫. আর স্মরণ করুন, আমাদের বান্দা ইবরাহীম, ইসহাক ও ইয়াকুবের কথা, তাঁরা ছিলেন শক্তিশালী ও সূক্ষ্মদর্শী।

তাফসীরে জাকারিয়া

(৪৫) স্মরণ কর, আমার দাস ইব্রাহীম, ইসহাক ও ইয়াকুবের কথা, ওরা ছিল শক্তিশালী ও বিচক্ষণ।[1]

[1] অর্থাৎ, আল্লাহর ইবাদত ও দ্বীনের সাহায্যের ব্যাপারে তাঁরা খুবই শক্তিশালী এবং ধর্মীয় জ্ঞানের দিক দিয়ে বড় বিচক্ষণ ছিলেন। কেউ কেউ বলেন যে, اَيْدِيْ نَعْمٌ (নিয়ামত ও অনুগ্রহ) এর অর্থে ব্যবহার হয়েছে। অর্থাৎ, এরা ঐ সকল ব্যক্তি যাদের উপর আল্লাহর বিশেষ নিয়ামত ও অনুগ্রহ হয়েছে অথবা এরা মানুষের প্রতি অনুগ্রহ করত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4015>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন